মিরপুর উপকারভোগীদের মাঝে সরকারী সুযোগ সুবিধা প্রদান

কুষ্টিয়ার মিরপুরে দূরারোগ্য ক্যান্সার ও কিডনী রোগে আক্রান্ত অসহায় রোগিদের মাঝে আর্থিক সহায়তার চেক, প্রশিক্ষিত যুব মহিলাদের মাঝে সেলাই মেশিন, নারী শিক্ষাকে এগিয়ে নেয়ার জন্য ছাত্রীদের মাঝে বাইসাইকেল, উপজেলা পর্যায়ে এস এসসি ও দাখিল মাদরাসায় সর্বোচ্চ জিপিএ-৫ প্রাপ্ত কৃতিত্ব শিক্ষার্থীদের স্মারক প্রদান, উপজেলা ক্রীড়া সংস্থায় ক্রীড়া সামগ্রী, বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট এ (মাধ্যমিক) ও (প্রাথমিক) বিজয়ী ও প্রাথমিকে বিজয়ীদের মাঝে সম্মাননা, খেলাধুলার মান বৃদ্ধি করতে হ্যান্ডবল, ফুটবল,ও ক্রিকেট সামগ্রীসহ কৃষকদের মাঝে বিনামুলে সার-বীজ ও গাছের চারা বিতরণ করা হয়েছে।

সোমবার দুপুরে মিরপুর উপজেলা পরিষদ মিলনায়তনে এক অনুষ্ঠানে এসব বিতরণ করেন কুষ্টিয়ার নবাগত জেলা প্রশাসক মোঃ এহেতেশাম রেজা।

এসময় তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা এই যে অস্বচ্ছলদের চিকিৎসার সাহাযার্থে প্রতিজনের মাঝে ৫০ হাজার টাকার চেক বিতরনের সু-ব্যবস্থা করেছেন তার নজির বিশ্বের কোনো দেশেই নেই। প্রতিটি নাগরিকের প্রতিটি শ্রেণি পেশার মানুষের কল্যাণে তিনি নিরলসভাবে কাজ করে যাচ্ছেন।

তিনি আরও বলেন, জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল বাস্তবায়নে, বাংলাদেশকে একটি কল্যাণ রাষ্ট্র হিসেবে বিশ্বে সুমহান মর্যাদায় আসীন করতে নিরলসভাবে কাজ করছে।

উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মিন্টু বিশ্বাসের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান কামারুল আরিফেন, উপজেলা আওয়ামী লীগের সভাপতি এ্যাড. আবদুল হালিম, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) হারুন অর রশীদ, পৌর মেয়র হাজী এনামুল হক, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আবুল কাশেম জোয়ার্দার, মহিলা ভাইস চেয়ারম্যান মর্জিনা খাতুন, মিরপুর থানার ওসি তদন্ত শফিকুল ইসলামসহ অন্যান্যরা।

অনুষ্ঠানে ১৮৬ জন প্রশিক্ষিত যুব মহিলাদের মাঝে সেলাই মেশিন, ৮২